# রাহে বেলায়াত

বিভাগ/অধ্যায়ঃ চতুর্থ অধ্যায় - বিষয় সংশ্লিষ্ট যিকর ও দু’আ

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

হাঁচির যিকরসমূহ

যিকর নং ১৭৪ : হাঁচির যিকরসমূহ

(ক) কারো হাঁচি হলে তিনি বলবেন:

الحمد لله على كل حال

উচ্চারণঃ আল-‘হামদু লিল্লা-হি ‘আলা- কুল্লি ‘হাল।
অর্থঃ সকল অবস্থায় সকল প্রশংসা আল্লাহর জন্য।

(খ) হাঁচি প্রদানকারীকে (আল্-‘হামদু লিল্লা-হ) বলতে শুনলে শ্রোতা বলবেনঃ

يرحمك الله

উচ্চারণঃ ইয়ার’হামু কাল্লা-হু।
অর্থঃ আল্লাহ আপনাকে রহমত করেন।

(গ). হাঁচিদাতাকে কেউ (ইয়ারহামুকাল্লাহ) বললে তিনি উত্তরে বলবেন:

يهديكم الله ويصلح بالكم

উচ্চারণঃ ইয়াহদিকুমুল্লা-হু ওয়া ইউস্বলিহু বা-লাকুম।

অর্থঃ “আল্লাহ আপনাদেরকে হেদায়েত প্রদান করেন এবং আপনাদের অবস্থাকে ভালো ও পরিশুদ্ধ করেন।”

হাঁচি দিলে সুন্নাত- ‘আল‘হামদু লিল্লাহ’, ‘আল-হামদু লিল্লাহি রাব্বিল আলামীন’ বা ‘আল-হামদু লিল্লাহি আলা কুল্লি হাল’ বলা। হাঁচি-দাতা এই যিকর করলে তাঁর পাওনা যে, যিনি উক্ত যিকর শুনবেন তিনি তাঁকে (হাঁচি প্রদানকারীকে) দু‘আ করে বলবেন: ইয়ার‘হামুকাল্লা-হু। এই দু‘আর উত্তরে হাঁচি প্রদানকারী বলবেন : ইয়াহদিকুমুল্লা-হু, অথবা ইয়াহদিকুমুল্লা-হু ওয়া ইউস্বলিহু বা-লাকুম। সালামের উত্তর প্রদানের ন্যায় হাঁচির দু‘আর উত্তর প্রদানের জন্য হাদীসে বিশেষ নির্দেশ দেওয়া হয়েছে। আমাদের সমাজে এই সুন্নাতগুলি অবহেলিত।

Source — https://www.hadithbd.com/books/link/?id=8843

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন